

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা
(জানুয়ারি ২০২১ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৬/০১/২০২১
সময় : বিকাল ০৪.৩০ টা
স্থান : জুম এ্যাপস এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২২/১২/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) জনাব মো: সাইফুল ইসলাম কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সভায় অবহিত করা হয় যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সংশোধনীসমূহ যথাযথভাবে অন্তর্ভুক্তির জন্য গত ২১/১২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।	শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সংশোধনীসমূহ যথাযথভাবে অন্তর্ভুক্তির মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়
২.	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় দপ্তর/সংস্থায় নিয়মিত ই-নথি/ই-মেইলের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং শিল্প মন্ত্রণালয়ে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।	দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ বিষয়টি মনিটর করবেন।	অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)
৩.	শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি মহোদয় বলেন যে, IAP এর আলোকে যে সব কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া হয়েছে তারা নিজ নিজ দপ্তর/সংস্থায় কতজনকে প্রশিক্ষণ দিয়েছে সে বিষয়ে রিপোর্ট দেয়ার জন্য দপ্তর/সংস্থার প্রধানকে পত্র দেয়ার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।	শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়নের জন্য যে সব কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে তারা নিজ নিজ দপ্তর/সংস্থায় কতজনকে প্রশিক্ষণ দিয়েছেন তাদের রিপোর্ট দেয়ার জন্য দপ্তর/সংস্থার প্রধানকে পত্র দিতে হবে।	অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
8.	শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ প্রতিমাসে একটি করে সভা করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ তার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসের সভায় অগ্রগতি আলোচনা করবেন।	অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কে-এম আলী আজম)

সচিব

ও

সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়